

রাজনীতি

বড় শহর নয়, মানুষের জন্য মানবিক নগর গড়তে চায় সরকার: মাহদী আমিন

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: বুধবার, ০৯ সেপ্টেম্বর ২০২৬, ১১:১৩ AM



বড় শহর নয়, মানুষের জন্য মানবিক, অন্তর্ভুক্তিমূলক ও পরিবেশবান্ধব নগরব্যবস্থা গড়ে তোলাই সরকারের লক্ষ্য বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র ড. মাহদী আমিন।

তিনি বলেন, উঁচু ভবন, প্রশস্ত সড়ক বা বড় অবকাঠামো দিয়ে নগর উন্নয়নের সাফল্য বিচার করা যাবে না। মানুষের জীবনমান কতটা উন্নত হয়েছে এবং নাগরিকেরা কতটা নিরাপদ ও মর্যাদাপূর্ণ জীবনযাপন করতে পারছেন—সেটিই হবে নগর উন্নয়নের মূল মাপকাঠি।

সোমবার (৭ সেপ্টেম্বর) রাতে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে দুই দিনব্যাপী জাতীয় নগর ফোরাম-২০২৬-এর সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

মাহদী আমিন বলেন, দেশের প্রায় এক-তৃতীয়াংশ মানুষ নগরে বসবাস করলেও জাতীয় অর্থনীতির প্রায় দুই-তৃতীয়াংশ উৎপাদিত হয় শহরকেন্দ্রিক কর্মকাণ্ড থেকে। দ্রুত ও অপরিকল্পিত নগরায়ণের কারণে আবাসন, পরিবহন, পানি, পয়োনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা ও

পরিবেশের ওপর চাপ বাড়ছে। এর সঙ্গে জলবায়ু পরিবর্তন, বৈষম্য ও জলবায়ুজনিত অভিবাসন নগরজীবনের সংকট আরও তীব্র করছে।

তিনি বলেন, নগর উন্নয়নে মানুষ ও প্রকৃতির মধ্যে ভারসাম্য বজায় রাখতে হবে। নদী, খাল, জলাশয়, উন্মুক্ত স্থান ও সবুজ এলাকা রক্ষার পাশাপাশি জলাবদ্ধতা ও তাপপ্রবাহ মোকাবিলায় প্রকৃতিনির্ভর সমাধান গ্রহণ করতে হবে।

নগর ব্যবস্থাপনায় কেন্দ্রীয় ও স্থানীয় সরকার, সিটি করপোরেশন, পৌরসভা, উন্নয়ন কর্তৃপক্ষ, বেসরকারি খাত, গবেষক ও নাগরিক সমাজের মধ্যে সমন্বয় বাড়ানোর তাগিদ দেন তিনি। একই সঙ্গে স্থানীয় প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা ও নিজস্ব রাজস্ব আহরণের সুযোগ বাড়ানোর ওপর গুরুত্ব দেন।

মাহদী আমিন বলেন, একটি অন্তর্ভুক্তিমূলক নগরে নিরাপদ পানি, পয়নিষ্কাশন, স্বাস্থ্যসেবা, সশ্রয়ী শিক্ষা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ, আধুনিক পরিবহন ও মর্যাদাপূর্ণ কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত করতে হবে।

নগর ব্যবস্থাপনায় প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার বাড়ানোর কথা উল্লেখ করে তিনি বলেন, প্রযুক্তি মানুষের জীবন সহজ করার জন্য হতে হবে। পাশাপাশি নগরগুলোকে উদ্ভাবন, বিনিয়োগ, উদ্যোক্তা সৃষ্টি ও তরুণদের কর্মসংস্থানের কেন্দ্র হিসেবে গড়ে তুলতে হবে।

অনুষ্ঠানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ড. আবদুল মঈন খান এবং ইউএনডিপি বাংলাদেশের উপ-আবাসিক প্রতিনিধি সোনালি দয়ারত্নে বক্তব্য দেন।

এ বিভাগের আরও খবর



আপনারা আখতারুজ্জামানকে নয়, মুক্তিযুদ্ধের ইতিহাসে হাতকড়া পরিয়েছেন: ড. মাসুদ এমপি
বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ও পটুয়াখালী-২ (বাউসলা) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ বলেছেন, বীর মুক্তি...



রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের এগিয়ে আসার আহ্বান জামায়াত আমিরের শুধু বয়ান করা নয়, রাষ্ট্রের দায়িত্ব পালনে আলেম-ওলামাদের কাজ করার আহ্বান জানিয়েছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান।...



মিথ্যা মামলা প্রত্যাহার করে আখতারুজ্জামানকে মুক্তি দিন: জামায়াত সেক্রেটারি
জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, বিমানবন্দরের অব্যবস্থাপনার জন্য দুজনকে বরখাস্ত করার মধ্য দিয়ে কর্তৃপক্ষই স্বীক...



বৈরাচার ও গুপ্ত এক হয়ে দেশবিরোধী ষড়যন্ত্র করছে: তারেক রহমান
বৈরাচার ও গুপ্ত আবার এক হয়ে মিলেমিশে দেশবিরোধী ষড়যন্ত্র করছে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, যারা অরাজকতা তৈরি কর...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/politics/br-shhr-ny-manusher-jnj-manbik-ngr-grte-chay-srkar-mahdi-amin>